প্রথম আলো

তারিখ ...06 OCT 2017...
পৃষ্ঠা ..১৮.. কলাম....১.......

# ফল প্রকাশে জটিলতা কাটছে না

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন অধিভুক্ত হওয়া রাজধানীর ৭ সরকারি কলেজের দ্বিতীয় ও চতুর্থ বর্ষের পরীক্ষার ফল প্রকাশ নিয়ে জটিলতা কাটছে না। গতকাল বৃহস্পতিবার দ্রুত পরীক্ষার ফল প্রকাশ এবং ৭ কলেজের শিক্ষার্থীদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারের দাবিতে মধুর ক্যানটিনে সংবাদ সম্মেলন করতে গিয়ে বাধার মুখে পড়েন আন্দোলনরত শিক্ষার্থীরা।

গতকাল বেলা ১১টার দিকে আন্দোলনরত শিক্ষার্থীরা মধুর ক্যানটিনে সংবাদ সম্মেলন করতে গেলে প্রথমে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর বাধার মুখে পড়েন। পরে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক এম আমজাদ আলী ঘটনাস্থলে উপস্থিত হয়ে 'আগে থেকে অনুমতি না নেওয়ায়' সংবাদ সম্মেলন করতে নিষেধ করেন। শিক্ষার্থীরা পরে জাতীয় জাদুঘরের সামনে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। তাঁরা আগামী রোববার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ ও রাষ্ট্রপতিকে স্মারকলিপি দিতে তাঁর কার্যালয়ের দিকে পদযাত্রার ঘোষণা দেন।

লিখিত বক্তব্যে কবি নজরুল সরকারি কলেজের শিক্ষার্থী মো. শাহ পরান বলেন, 'গত ১১ ফেব্রুয়ারি আমাদের পরীক্ষা শেষ হলেও এখন পর্যন্ত ফল পাচ্ছি না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কলেজে অধ্যয়নরত আমাদের সহপাঠীরা স্নাতকের ফল পেয়ে স্নাতকোত্তর করছে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের একাধিক সূত্র জানায়, অধিভুক্ত হওয়া শিক্ষার্থীদের ফল কবে প্রকাশ করা যাবে, সে বিষয়ে কোনো নিশ্চয়তা কেউ দিতে পারছে না। ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন শিবলী রুবাইয়াতুল ইসলামকে প্রধান করে একটি কমিটি করে দেওয়া হয়েছে। এখন তিনি বিদেশে আছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরী *প্রথম আলো*কে বলেন, 'কবে ফল প্রকাশ করতে পারব, সেটা এখনই বলা সম্ভব হচ্ছে না। কমিটির প্রধানের সঙ্গে আগামী ১০ অক্টোবর ৭ কলেজের অধ্যক্ষদের একটি সভা হওয়ার কথা। এরপর হয়তো বলা সম্ভব হবে।'

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজকে গত ১৬ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করা হয়।